গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
সাধারণ শাখা
www.dcjessore.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার
জেলা প্রশাসক, যশোর

স্থান: অমিত্রাক্ষর, জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ ।

তারিখ: ৩০ জুলাই ২০২৩ খ্রি.

সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের নামের তালিকা-পরিশিষ্ট-'ক'

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভায় সকলের সুচিন্তিত মতামত আহবান করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত কর্মসূচিসমূহ পালনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**কর্মসূচি**

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | আগস্ট ২০২৩ মাস ব্যাপী | সকল সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ১ আগস্ট ২০২৩ তারিখ হতে কালো ব্যাচ ধারণ করবে। | - | জেলার সকল দপ্তর ও বিভাগের অফিস প্রধান |
| ০২ | আগস্ট ২০২৩ মাস ব্যাপী সুবিধাজনক সময়ে | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আলোচনা সভা, বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতা, হামদ-নাত প্রতিযোগিতা এবং মোনাজাত/দোয়া মাহফিলের আয়োজন। | সকল শিক্ষা প্রতিষ্ঠান | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর<br>২) জেলা শিক্ষা অফিসার, যশোর<br>৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর |
| | | জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও জেলা পর্যায়ে গৃহীত মাসব্যাপী কর্মসূচি সকল দপ্তর-বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ পালন করবেন। | - | জেলার সকল দপ্তর ও বিভাগের অফিস প্রধান |
| ০৩ | আগস্ট ২০২৩ মাসব্যাপী সুবিধাজনক সময়ে | জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতি রেখে-<br>১) রচনা প্রতিযোগিতা<br>২) কবিতা আবৃত্তি<br>৩) চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>৪) বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা | জেলা শিশু একাডেমী, যশোর ও জেলা শিল্পকলা একাডেমি | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), যশোর<br>২) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, যশোর<br>৩) জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, যশোর<br>৪) জেলা কালচারাল অফিসার, যশোর। |

CamScanner

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪ | ১৫/০৮/২০২৩<br>সূর্যোদয়ের সাথে সাথে | সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। তবে ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না। | সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহ, এনজিও প্রতিষ্ঠানসমূহ | ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর<br>২) স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান/ ভবন মালিকগণ<br>৩) সিনিয়র তথ্য অফিসার, যশোর পতাকা উত্তোলন ও অর্ধনমিত রাখার নিয়মাবলী মাইকিং এর মাধ্যমে প্রচার করবেন। |
| ০৫ | ১৫/০৮/২০২৩<br>সকাল ৮:০০ টা | জেলা প্রশাসনের পক্ষ হতে ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৮:০০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।<br>সরকারি, বে-সরকারি প্রতিষ্ঠানসহ সকল স্কুল ও কলেজের শিক্ষক/কর্মচারী ও শিক্ষার্থীরা স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক পৃথক পৃথক দলে বিভক্ত হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ। | বঙ্গবন্ধু ম্যুরাল, যশোর | ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর<br>২) অতিরিক্ত পুলিশ সুপার, 'ক' সার্কেল, যশোর<br>৩) সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান প্রধান |
| ০৬ | ১৫/০৮/২০২৩<br>সকাল ১০:৩০ টা | জাতীয় শোক দিবসের তাৎপর্যপূর্ণ আলোচনা সভা ও যুব ঋণের চেক বিতরণ। | শিল্পকলা একাডেমি, যশোর | ১। জেলা প্রশাসন, যশোর<br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর |
| ০৭ | ১৫/০৮/২০২৩<br>বাদ জোহর | মসজিদসমূহে বাদ জোহর মোনাজাত, মিলাদ ও দোয়া মাহফিল। | সকল মসজিদ | ১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, যশোর<br>২) সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, যশোর<br>৩) গীর্জা ও প্যাগোডা কর্তৃপক্ষ। |
| ০৮ | ১৫/০৮/২০২৩<br>সুবিধাজনক সময়ে | আলোচনা সভা ও প্রার্থনা | সকল মন্দির | |
| ০৯ | ১৫/০৮/২০২৩<br>সুবিধাজনক সময়ে | প্রার্থনা | সকল গীর্জা ও প্যাগোডা | |
| ১০ | ১৫/০৮/২০২৩<br>সুবিধাজনক সময়ে | বিনামূল্যে স্বেচ্ছায় রক্তদান, রক্তের গ্রুপ, ব্লাড প্রেসার এবং ডায়াবেটিস পরিমাপকরণ | ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর | ১) সিভিল সার্জন, যশোর<br>২) তত্ত্বাবধায়, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর |
| ১১ | ১৬/০৮/২০২৩<br>সন্ধ্যা ৭:০০ টা | জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতি রেখে "উচ্চারণে শোক পংক্তিমালা" শীর্ষক কবিতা আবৃত্তি অনুষ্ঠান। | শিল্পকলা একাডেমি, যশোর | ১) উপপরিচালক, স্থানীয় সরকার, যশোর<br>২) জেলা কালচারাল অফিসার, যশোর।<br>৩) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, যশোর। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ১৭/০৮/২০২৩<br>সকাল ১১:০০ টা | যশোর জেলা মুক্তিযোদ্ধা সংসদের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণে আলোচনা সভা ও দোয়া মাহফিল | জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন | জেলা মুক্তিযোদ্ধা সংসদ, যশোর |
| ১৩ | ১৮/০৮/২০২২<br>সন্ধ্যা ৭:০০ টা | বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক নাটক “৩২ এর ক্রন্দন” মঞ্চায়ন। | শিল্পকলা একাডেমি, যশোর | জেলা প্রশাসন, যশোর |
| ১৪ | আগস্ট ২০২৩<br>মাস ব্যাপী | আমার চোখে বঙ্গবন্ধু শীর্ষক কর্মসূচি পালন শেষে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্র্যাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, বঙ্গবন্ধুর সিরিজ তথ্যমালা ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক পুস্তক বিতরণ। | স্ব স্ব প্রতিষ্ঠান | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর<br>২) জেলা শিক্ষা অফিসার, যশোর<br>৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর<br>৪) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, যশোর<br>৫) স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |

<u>অন্যান্য সিদ্ধান্ত:</u>

০১) আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহীত জেলার সমগ্র অনুষ্ঠানমালায় পুলিশ সুপার, যশোর প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০২) মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩) মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার নির্দেশনা অনুযায়ী জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতি সকল দপ্তর প্রধানগণকে আবশ্যিকভাবে নিশ্চিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর জেলা সদরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য বিস্তারিত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫) উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে জেলা পর্যায়ের কর্মসূচির সাথে সঙ্গতি রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬) মেয়র, যশোর পৌরসভা ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ বঙ্গবন্ধু ম্যুরালে প্রয়োজনীয় সংস্কারসহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭) সকল মাদরাসা এবং বিদ্যালয়সমূহে জাতীয় শোকদিবস উপলক্ষে আলোচনা সভা ও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে কিনা সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তদারকি করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮) যশোরের গরীবশাহ সড়কের বঙ্গবন্ধু ম্যুরালে শ্রদ্ধা জানাতে আগতদের একমুখি পথ ব্যবহার করার বিষয়ে পুলিশ সুপার, যশোর ও মেয়র, যশোর পৌরসভা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯) মাসব্যাপী বঙ্গবন্ধুর জীবনভিত্তিক চলচ্চিত্র/ডকুমেন্টারী জনবহুল স্থানসমূহে (উপজেলাসহ শেখহাটি মোড়, পুলেরহাট মোড়, পালবাড়ি মোড়, ঝুমঝুমপুর বাজার, ধর্মতলা মোড়ে) এবং ১৪, ১৫ ও ১৬ আগস্ট ২০২৩ তারিখ যশোর পৌরএলাকায় প্রদর্শনের জন্য সিনিয়র তথ্য অফিসার, যশোর যাবতীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

১০) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, যশোর আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বঙ্গবন্ধুর মুর‍্যাল এলাকার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণে পুলিশ সদস্যের পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য মোতায়েন এবং পুষ্পস্তাবক অর্পন পরবর্তী বঙ্গবন্ধু'র ম্যুরালের নিরাপত্তা ও শৃঙ্খলা নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালন উপলক্ষে গৃহীত কর্মসূচিতে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/৮/২০২৩

মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার
জেলা প্রশাসক
যশোর।
ফোন :০২৪৭৭৭৬২৬৫২
ই-মেইল: dcjessore@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪১০০.০০১.০৬.০০৬.২৩- ৫৮৮

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, যশোর- আসন, নির্বাচনী এলাকা, যশোর।
০২। পুলিশ সুপার, যশোর।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, যশোর।

০৪-০৮। অধ্যক্ষ, সরকারি মাইকেল মধুসূদন কলেজ/সরকারি সিটি কলেজ/সরকারি মহিলা কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ/ সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর।

০৯। উপ পরিচালক, স্থানীয় সরকার, যশোর।

১০। সিভিল সার্জন, যশোর।

১১। মেয়র, যশোর পৌরসভা, যশোর।

১২১৪-। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর/ (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি), যশোর।

১৫। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ ............................(সকল), যশোর।

১৬২৩-। উপজেলা নির্বাহী অফিসার, ......................, (সকল) যশোর।

২৪-২৫। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।

২৬-২৮। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন/মহিলা বিষয়ক অধিদপ্তর/ সমাজসেবা অধিদপ্তর, যশোর।

২৯৩০-। জেলা কালচারাল অফিসার, যশোর/ জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, যশোর।

৩১-৩৩। প্রধান শিক্ষক, জিলা স্কুল/সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/অধ্যক্ষ, যশোর কালেক্টরেট স্কুল/এস.এম সুলতান ফাইন আর্ট কলেজ, যশোর।

৩৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, যশোর। (আইন-শৃঙ্খলা রক্ষায় সহযোগিতা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক স্কাউটস সদস্য/রোভার নিয়োগ করার জন্য অনুরোধ করা হলো।)

৩৫। জনাব-------------------------------------------------------------------------------------

CamScanner